NYC Department of Education

# পরিবারের জন্য পরিবহন গাইড

পরিবারদের জন্য যে পরিবহন পরিষেবা আছে সেগুলো স্কুল কর্তৃক এবং ঐ পরিষেবাগুলোর জন্য প্রতিটি শিক্ষার্থীর যোগ্যতা অনুযায়ী ভিন্ন হয়। যে অপশনগুলো আছে সেগুলো সম্পর্কে প্রশ্ন থাকলে আপনার স্কুলের সাথে কথা বলুন।

## পরিবহন পদ্ধতিসমূহ

- **মেট্রোকার্ড** MTA-এর সাবওয়ে ও নন-এক্সপ্রেস বাসে ব্যবহারের জন্য স্কুল কর্তৃক বিতরণ করা হয়।.
- **স্টপ-টু-স্কুল বাস** নির্ধারিত বাস স্টপ থেকে যোগ্য শিক্ষার্থীদের নিয়ে যায় এবং দিয়ে যায়।
- **কার্ব-টু-স্কুল বাসে** শিক্ষার্থীদের তাদের বাড়ির সবচেয়ে কাছের, এবং সর্বাধিক নিরাপদ কার্ব থেকে পিক আপ করে।

## যোগ্যতা

- **মেট্রোকার্ড এবং স্টপ-টু-স্কুল বাস পরিষেবা:** গ্রেড এবং দূরত্বের শর্তের উপর নির্ভর করে; বাস পরিষেবার লভ্যতা নির্ভর করে বাড়তি মাপকাঠির উপর, এর অন্তর্ভুক্ত বাস রুটের দূরত্ব এবং ডিস্ট্রিক্ট লাইনসমূহ। এছাড়া, এটি ঐসব শিক্ষার্থীদের প্রদান করা হয় যাদের 504 প্ল্যানে স্টপ-টু-স্কুল বাস সুপারিশকৃত রয়েছে।
- **কার্ব-টু-স্কুল বাস পরিষেবা:** এছাড়া, এটি ঐসব শিক্ষার্থীদের প্রদান করা হয় যাদের IEP অথবা 504 প্ল্যানে স্টপ-টু-স্কুল বাস সুপারিশকৃত রয়েছে।
- **K-6 গ্রেডের অস্থায়ী আবাসন এবং ফস্টার কেয়ারে বসবাসকারী শিক্ষার্থীগণ:** বাস পরিবহনের অনুরোধ জানানোর যোগ্য এবং তাদেরকে হয় স্টপ-টু-স্কুল বাস অথবা কার্ব-টু-স্কুল রুটে দেয়া হবে। আরও তথ্য নিচে দেয়া আছে।

## যোগ্যতার ব্যতিক্রম

- ব্যতিক্রমসমূহের ধরন: স্বাস্থ্যজনিত, অস্থায়ী আবাসন, ফস্টার কেয়ার, যুগ্ম বা জয়েন্ট কাস্টোডি, কোন অপরাধের ভুক্তভোগী, আদালত কর্তৃক সুরক্ষার আদেশ (অর্ডার অভ প্রটেকশন), এবং বিপদ।
- শিক্ষার্থী পরিবারসমূহ যারা ইতোমধ্যে কার্ব-টু-স্কুল বাস পরিবহন সুবিধা পাচ্ছে তারা তাদের বাড়িতে নামার পরিবর্তে কোনও একটি ভিন্ন আফটার স্কুল অবস্থানে যাবার জন্য (ওয়ান-ওয়ে ট্র্যান্সপোর্টেশন-এর) অনুরোধ জানাতে পারে।

## IEP-তে বর্ণিত পরিবহন বিশেষ সুবিধা

- IEP-যুক্ত অধিকাংশ শিক্ষার্থী IEP নেই এমন শিক্ষার্থীদের মতো একইভাবে স্কুলে যাতায়াত করে। একটি IEP টিম বাস সুপারিশ করতে পারে সেসব ছেলেমেয়ের জন্য যাদের প্রমাণিত চাহিদা তাদের স্কুলে যেতে আসতে প্রতিবন্ধিতা সৃষ্টি করে। এই চাহিদা আবেগজনিত, আচরণগত, বৌদ্ধিক অথবা যোগাযোগে, এবং শারীরিক অথবা স্বাস্থ্যগত হতে পারে।
- কিছু শিক্ষার্থীর নিরাপদভাবে স্কুলে যাওয়া আসার জন্য বাড়তি বিশেষ পরিবহন সুবিধারও প্রয়োজন হতে পারে। এতে অন্তর্ভুক্ত হতে পারে: 1:1 পরিবহন প্যারাপ্রোফেশনাল, স্বাস্থ্যগত/নার্সিং পরিষেবা, ভ্রমণ সময়ের সীমাবদ্ধতা, আবহাওয়া নিয়ন্ত্রণ, সুরক্ষা ভেস্ট, এবং কার-সিট।
- যেসব পরিবার মনে করে যে, স্কুলে যাবার জন্য কার্ব-টু-স্কুল পরিবহন এবং/অথবা পরিবহন বিশেষ সুবিধা তাদের সন্তানের প্রতিবন্ধিতার সমাধানে জরুরি, তাদের উচিত স্কুলের সাথে অথবা CSE-ভিত্তিক IEP টিমের সাথে যোগাযোগ করা।

## অস্থায়ী আবাসন (টেম্পোরারি হাউজিং) এবং ফস্টার কেয়ার-এ থাকা শিক্ষার্থী

- K-6 গ্রেডের অস্থায়ী আবাসন (টেম্পোরারি হাউজিং) এবং ফস্টার কেয়ারে থাকা শিক্ষার্থী স্কুলে যাবার জন্য বাস পরিষেবা পাবার যোগ্য। বাসের জন্য অনুরোধ জানাতে অবশ্যই নিচে উল্লিখিত শিক্ষার্থীদের জন্য একটি এক্সেপশন ফর্ম পূরণ করতে হবে:
  - ফস্টার কেয়ার
  - প্রিস্কুল (অস্থায়ী আবাসন এবং ফস্টার কেয়ারে বসবাসকারীদের জন্য)

- HRA-DV শেল্টারস্
- হাউজিং প্রিজারভেশন অ্যান্ড ডেভেলাপমেন্ট (HPD) শেল্টারস্
- দ্বিগুণ অস্থায়ী পরিস্থিতি
- অন্য অস্থায়ী আবাসন যেমন গাড়ি, পার্ক, যেসব শিক্ষার্থী অস্থায়ী আবাসন থেকে স্থায়ী আবাসনে যাবার প্রক্রিয়া আছে

- যেসব শিক্ষার্থীর IEP-তে বাস সুপারিশকৃত আছে এবং ডিপার্টমেন্ট অভ হোমলেস সার্ভিসেস শেল্টারের K-6 গ্রেডের শিক্ষার্থীদের কোনও 'এক্সেপশন ফর্ম' পূরণ করতে হবে না।
- পিতামাতা/অভিভাবকগণ তাদের সন্তানদেরকে স্কুলে আনা-নেয়ার জন্য মেট্রোকার্ড পেতে পারে।
- অস্থায়ী আবাসনের শিক্ষার্থী পরিবার প্রক্রিয়াটি সম্পর্কে আরও জানতে তাদের শেল্টার কর্মী অথবা DOE-এর রিজিওনাল ম্যানেজারের সাথে কথা বলতে পারে: https://www.schools.nyc.gov/school-life/special-situations/students-in-temporary-housing.
- ফস্টার কেয়ারের শিক্ষার্থী পরিবার তাদের স্কুল কোন একজন ফস্টার কেয়ার কোঅর্ডিনেটর, অথবা: https://www.schools.nyc.gov/school-life/special-situations/students-in-foster-care দেখতে পারে।

## প্রস্তুতি

- আপনার স্কুলে সকল জরুরী যোগাযোগের সর্বশেষ তথ্য হালনাগাত আছে সেবিষয়টি নিশ্চিত করুন।
- অবিলম্বে যেকোন বাড়ির ঠিকানার পরিবর্তন বা বসবাস ব্যবস্থার পরিবর্তন স্কুলে জানিয়ে দিন।
- আপনার বাস স্টপ কোথায় জানুন, এবং পিক আপের নির্ধারিত সময়ের কয়েক মিনিট আগে উপস্থিত হোন। জেনে রাখুন যে, বাস কয়েক মিনিটের অধিক অপেক্ষা করবে না এবং সেটি অবশ্যই তার রুটে যাত্রা অব্যাহত রাখবে।

## সহায়তা

- আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন *(আপনার স্কুলের তথ্য schools.nyc.gov/find-a-school -ওয়েবসাইটে খুঁজুন)*
- https://supporthub.schools.nyc/family-topics ঠিকানায় সাপোর্টহাবটি দেখুন।
- নোটিফাই NYC মোবাইল অ্যাপ -এর মাধ্যমে জরুরী বার্তা পেতে গ্রাহক হোন
- schools.nyc.gov/transportation দেখুন।
- অস্থায়ী আবাসনের শিক্ষার্থীদের জন্য, schools.nyc.gov/school-life/special-situations/students-in-temporary-housing ঠিকানায় একজন রিজিওনাল ম্যানেজারের সাথে যোগাযোগ করুন।
- ফস্টার কেয়ারের শিক্ষার্থীদের জন্য - একজন ফস্টার কেয়ার কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন schools.nyc.gov/school-life/special-situations/students-in-foster-care

## সমস্যা সমাধান

সাপোর্টহাব দেখুন - https://supporthub.schools.nyc/ এবং “Transportation" (ট্রান্সপোর্টেশন)-এ ক্লিক করুন।

## আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করুন যখন

- তার স্কুল বাস পুনঃপুনঃ: দেরিতে আসে অথবা পুনঃপুনঃ: আসেই না।
- আপনার সন্তানের বর্তমান স্কুল বাস নিয়ে আপনার কোনও সমস্যা হচ্ছে।
- আপনি কোনও স্কুল কর্মী সদস্যের বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে চান
- আপনি আপনার সন্তানের বাস রুটের তথ্য জানতে চান; এই তথ্য New York City Schools Account (NYCSA) সাইটেও পাওয়া যাবে।
- আপনার সন্তানের জন্য বাস পরিবহনের অনুরোধ জানাতে চান, বা তার বর্তমান বাস ব্যবস্থার পরিবর্তন চান।
- আপনার স্টুডেন্ট মেট্রোকার্ড সম্পর্কে কোনও প্রশ্ন আছে।
- বিশেষ সুবিধা বিষয়ে আপনার সহায়তার দরকার পড়লে।
- আপনার সন্তানের প্রতিবন্ধিতা আছে এবং আপনি তার IEP-তে অথবা 504 প্ল্যানে বাস পরিবহন ব্যবস্থা চান।

Department of Education

## বাস কোম্পানির সাথে যোগাযোগ করুন যখন

- আপনার সন্তানের স্কুল বাস দেরিতে আসে।
- আপনার সন্তানের স্কুল বাস আজ আসেনি।
- আপনি আপনার সন্তানের পিক-আপ এবং ড্রপ-অফ সময় সম্পর্কে অনিশ্চিত।

## OPT-এর সাথে যোগাযোগ করুন যখন

- আপনি কোনো বাস কোম্পানির বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে চান।
- আপনি কোনো স্কুল বাসের সুরক্ষা সম্পর্কিত উদ্বেগের বিষয়ে রিপোর্ট করতে চান।
- কোনো স্কুল বাস সংশ্লিষ্ট জরুরি পরিস্থিতিতে আপনার সহায়তার প্রয়োজন হয়।
- আপনি কোনো স্কুল বাসের দুর্ঘটনা সম্পর্কিত বিষয়ে রিপোর্ট করতে চান।
- পরিবহন সংক্রান্ত অর্থ পরিশোধের ব্যাপারে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তবে TransportationReimbursement@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

## অধিকারসমূহ

- শিক্ষার্থী এবং তাদের পিতামাতার পরিবহন সংক্রান্ত অধিকারের তথ্য পাওয়া যাবে schools.nyc.gov/transportation-rights ঠিকানায়।

## সামার স্কুল

- শিক্ষার্থীরা সামার স্কুল বাস পরিষেবার যোগ্য হতে পারে; https://www.schools.nyc.gov/enrollment/summer ঠিকানায় সামার স্কুল পেজ-টি দেখুন।

## দুর্যোগপূর্ণ আবহাওয়া

- NYPD, ফায়ার ডিপার্টমেন্ট, এবং NYC ইমারজেন্সি ম্যানেজমেন্টের সাথে তৈরি আমাদের আবহাওয়াজনিত জরুরি প্রক্রিয়া schools.nyc.gov/transportation সাইটে পাওয়া যাবে।

## পরিবহন সংক্রান্ত স্মারকসমূহ

- রেজিস্টার করুন: তাৎক্ষণিক বাস তথ্য এবং সার্ভিস পরিবর্তন দেখতে আপনার ফ্রি NYC স্কুলস্ অ্যাকাউন্ট -এর জন্য schools.nyc.gov/learning/in-our-classrooms/nyc-schools-account সাইন আপ করুন।
- **আমাদেরকে হালনাগাদ রাখুন:** আপনার ঠিকানা অথবা যোগাযোগের তথ্যে কোনও পরিবর্তন হলে অতিসত্বর আপনার স্কুল এবং বাস ড্রাইভারকে অবহিত করুন
- **আপনার বাস টিমের সাথে পরিচিত হোন:** আপনার বাস ড্রাইভার এবং অ্যাটেন্ডেন্টকে চিনে নিন, এবং আপনার কাছে বাস কম্পানির নাম্বার আছে কিনা তা নিশ্চিত হোন।
  - **স্কুল-বয়সী ছেলেমেয়ের জন্য বাস কম্পানিসমূহ:** schools.nyc.gov/school-life/transportation/bus-companies-for-school-age-children
  - **প্রি-K এবং আর্লি ইন্টারভেনশন বাস কম্পানিসমূহ:** schools.nyc.gov/school-life/transportation/pre-k-and-early-intervention-bus-companies
- **সুরক্ষার চর্চা করুন:** আপনার সন্তানের সাথে নিরাপদে যাতায়াত সংক্রান্ত পরামর্শসমূহ (সেফ ট্র্যাভেল টিপস্) পর্যালোচনা করুন, যা schools.nyc.gov/safe-travel-tips ওয়েবসাইটে পাওয়া যাবে

Department of Education

## কোনো প্রশ্ন আছে বা সহায়তা প্রয়োজন?

আপনার যদি এমন কোনও প্রশ্ন থাকে যা আপনার স্কুলের বা আপনার বাস কোম্পানির পরিবহন সংক্রান্ত লিয়াজোঁ (যোগাযোগের নির্ধারিত ব্যক্তি) উত্তর দিতে অক্ষম, তাহলে schools.nyc.gov/transportation অথবা [https://infohub.nyced.org/in-our-schools/operations/transportation-resources-for-schools](https://infohub.nyced.org/in-our-schools/operations/transportation-resources-for-schools) দেখুন।

জরুরি অবস্থায় যেমন কোনও অনুপস্থিত বাস অথবা দুর্ঘটনায় OPT- এর কস্টমার সার্ভিস লাইনের 718-392-8855 নম্বরে যোগাযোগ করুন।